

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৮- ৩২৫

তারিখ: ০৯.০৫.২০১৮ খ্রি।

বিষয়: পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলাধীন মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসার ব্যাংক শাখা পরিবর্তনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষ, মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসার স্মারক নং- মুফা/মা/২০১৭/৬০

তারিখ: ২৮.০৮.২০১৭ খ্রি।

(২) উপ-পরিচালক, মাউশি অধিদপ্তর, বরিশাল অঞ্চল এর স্মারক নং-মাউশি/বরি/২০১৭/৯৫৮(ক)

তারিখ: ২৯.০৮.২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা কর্তৃক তাঁর মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলনসহ প্রয়োজনীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনার নিমিত্ত সোনালী ব্যাংক, কলাপাড়া বন্দর শাখা, কলাপাড়া, পটুয়াখালী হতে পরিবর্তন করে রূপালী ব্যাংক আলীপুর বন্দর শাখা লিঃ, কলাপাড়া, পটুয়াখালীতে স্থানান্তরের অনুমতি সংক্রান্ত একটি আবেদন সূত্রোক্ত ১ নং স্মারকে উপ-পরিচালক, মাউশি অধিদপ্তর, বরিশাল অঞ্চল বরাবর দাখিল করা হয়।

০২. বর্ণিত মাদরাসা অধ্যক্ষের আবেদনটি উপ-পরিচালক, মাউশি অধিদপ্তর, বরিশাল অঞ্চল কর্তৃক সূত্রোক্ত ২ নং স্মারকে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. উক্ত আবেদনের ভিত্তিতে নিম্নোক্তভাবে বর্ণিত মাদরাসার ব্যাংক শাখা পরিবর্তন করা প্রয়োজন-

ক্রমিক নং	নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম	বর্তমান ব্যাংক শাখা	যে শাখায় পরিবর্তন করতে চায়	মন্তব্য
০১.	মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা, কলাপাড়া, পটুয়াখালী	সোনালী ব্যাংক লিঃ কলাপাড়া বন্দর শাখা কলাপাড়া, পটুয়াখালী	রূপালী ব্যাংক লিঃ আলীপুর বন্দর শাখা কলাপাড়া, পটুয়াখালী	অধ্যক্ষ, মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা কর্তৃক তাঁর মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলনসহ প্রয়োজনীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনার নিমিত্ত সোনালী ব্যাংক লিঃ, কলাপাড়া বন্দর শাখা, কলাপাড়া, পটুয়াখালী হতে পরিবর্তন করে রূপালী ব্যাংক লিঃ আলীপুর বন্দর শাখা, কলাপাড়া, পটুয়াখালীতে স্থানান্তরের নিমিত্ত এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে। উক্ত ব্যাংক শাখার (সোনালী ব্যাংক লিঃ, কলাপাড়া বন্দর শাখা, কলাপাড়া, পটুয়াখালী) ব্যবস্থাপক কর্তৃক ব্যাংক শাখা পরিবর্তন (Replacement) বিষয়ে অনাপত্তি পত্র রয়েছে এবং এতদসংক্রান্ত বিষয়ে (ব্যাংক শাখা পরিবর্তন /Replacement) উক্ত মাদরাসার গভর্নিং বডির রেজুলেশন রয়েছে। উল্লেখ্য যে, সোনালী ব্যাংক লিঃ, কলাপাড়া বন্দর শাখাটি বর্ণিত মাদরাসা হতে প্রায় ২৫ (পঁচিশ) মাইল দূরে অবস্থিত। ফলে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের জন্য প্রতিমাসে নৈমিত্তিক ছুটির প্রয়োজন হয় মর্মে উপ-পরিচালক, মাউশি অধিদপ্তর, বরিশাল অঞ্চল কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে। উপর্যুক্ত মতে আবেদন মঞ্জুরপূর্বক ব্যাংক শাখা সোনালী ব্যাংক, কলাপাড়া বন্দর শাখা, কলাপাড়া, পটুয়াখালী হতে পরিবর্তন করে রূপালী ব্যাংক আলীপুর বন্দর শাখা লিঃ, কলাপাড়া, পটুয়াখালীতে স্থানান্তরের জন্য অনুমোদন দেয়া হলো।

৪. বর্ণিত অবস্থার আলোকে মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসার ব্যাংক শাখা উপরিউক্ত মতে পরিবর্তন হওয়া প্রয়োজন।

০৫. এমতাবস্থায় মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলনসহ প্রয়োজনীয় ব্যাংকিং কার্যক্রম পরিচালনার নিমিত্ত সোনালী ব্যাংক, কলাপাড়া বন্দর শাখা, কলাপাড়া, পটুয়াখালী হতে পরিবর্তন করে রূপালী ব্যাংক আলীপুর বন্দর শাখা লিঃ, কলাপাড়া, পটুয়াখালীতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে - ০৩ ফর্দ।

(মো: বিল্লাল হোসেন)

মহাপরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৪১০৩০১৫৯

মহাপরিচালক,

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রাম-১, ই,এম,আই,এস সেল, মাউশি অধিদপ্তর।

অনুলিপি: ১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

০২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।

০৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।

০৪. অধ্যক্ষ, মুসুল্লীয়াবাদ ইসলামিয়া ফাজিল মাদরাসা

০৫. অফিস কপি।